



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

০৬ জুন, ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

মারাত্মক আহত ব্যক্তিদের জরুরী চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত মহামান্য হাইকোর্টের নির্দেশনা অবমাননার বিষয়ে কারণ দর্শানোর নির্দেশনা প্রদান

আজ ৬ জুন ২০১৬ইং তারিখ মারাত্মক আহত ব্যক্তিদের জরুরী চিকিৎসা সেবা প্রদান বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের গত ১০ ফেব্রুয়ারী, ২০১৬ তারিখে আদেশে প্রদত্ত অন্তর্বর্তীকালীন নির্দেশনাসমূহ প্রতিপালন না করায় মামলার ১, ২ ও ৩নং বিবাদী যথাক্রমে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; সচিব, পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এর বিরুদ্ধে কেন আদালত অবমাননার কার্যপ্রণালী শুরু হবে না এ মর্মে কারণ দর্শানোর রুল জারি ও নির্দেশনা প্রদান করেছেন মহামান্য হাইকোর্ট।

উল্লেখ্য যে, গত ১৯ মে ২০১৬ ইং তারিখ রাষ্ট্র পক্ষের প্রতিবেদন দাখিল করার জন্য দিন ধার্য ছিলো। কিন্তু উক্ত দিন উপস্থিত থেকে রাষ্ট্র পক্ষে ডিএজি এক সপ্তাহের সময় প্রার্থনা করলে, আদালত তা মঞ্জুর করেন। গত ৩০ মে, ২০১৬ তারিখে দ্বিতীয় বারের মত রাষ্ট্র পক্ষ এক সপ্তাহের সময় প্রার্থনা করলে, আদালত তা মঞ্জুর করেন। কিন্তু আদালত প্রদত্ত অতিরিক্ত সময়ের মধ্যেও রাষ্ট্র পক্ষ কোনো প্রকার প্রতিবেদন দাখিল না করার প্রেক্ষিতে আজ ৬ জুন ২০১৬ তারিখে আদালত ১, ২ ও ৩নং বিবাদী আদালতের অন্তর্বর্তীকালীন নির্দেশনা অমান্য করার জন্য তাদের বিরুদ্ধে রুল জারি করেছেন। আদালত গত ১০ ফেব্রুয়ারী ২০১৬ তারিখের আদেশে প্রদত্ত নির্দেশনা সমূহ অমান্য করার জন্য কেন আদালত অবমাননার কার্যপ্রণালী শুরু করা হবে না এই মর্মে ১, ২ ও ৩নং বিবাদী এর প্রতি আদেশ প্রাপ্তির পরবর্তী সাত (৭) কার্যদিবসের মধ্যে এ বিষয়ে কারণ দর্শানোর নির্দেশনা প্রদান করেন।

উল্লেখ্য যে, জরুরী চিকিৎসা সেবা প্রদান করতে বিভিন্ন হাসপাতালের অস্বীকৃতি জানানোর ফলে সড়ক দুর্ঘটনায় জনৈক ব্যক্তির মৃত্যুর ঘটনায় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সচিব, পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকে সড়ক দুর্ঘটনায় মর্মান্তিকভাবে আঘাতপ্রাপ্ত ব্যক্তির জরুরী চিকিৎসা সেবা কেন প্রদান করা হবে না মর্মে ব্লাস্ট ও সৈয়দ সাইফুদ্দিন কামালের দায়ের করা একটি রিট মামলায় আজ বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মোঃ ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ এ রুল জারি ও নির্দেশনা প্রদান করেন।

আদালত গত ১০ ফেব্রুয়ারী ২০১৬ তারিখে জাতীয় সড়ক নিরাপত্তা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০১৪-১৬ অনুযায়ী রাষ্ট্রের সকল হাসপাতালে ও স্বাস্থ্যসেবা কেন্দ্রে জরুরী চিকিৎসা সেবার ক্ষেত্রে কি ধরণের ব্যবস্থা নেয়া হয়েছে তার একটি অগ্রগতি প্রতিবেদন তিন মাসের মধ্যে আদালতে দাখিল করার নির্দেশ প্রদান করেছিলেন। পাশাপাশি সচিব, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়, সচিব, পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে জরুরী চিকিৎসা সেবা প্রদান এবং চিকিৎসা প্রাপ্তিতে বাধাপ্রাপ্ত হলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি কোথায় অভিযোগ দাখিল করবে সে বিষয়ে নীতিমালা তৈরী ও এ বিষয়ে গণমাধ্যমে সচেতনতা তৈরী করতে নির্দেশ প্রদান করেছেন। এছাড়া আদালত স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে দুর্ঘটনাজনিত কারণে আঘাতপ্রাপ্ত কোন ব্যক্তিকে জরুরী চিকিৎসা সেবা দেয়ার জন্য দুর্ঘটনাস্থলে উপস্থিত কোন ব্যক্তি যদি সাহায্যের জন্য এগিয়ে আসে তবে তাদের সুরক্ষার জন্য একটি নির্দেশনা তৈরী করার নির্দেশ দিয়েছেন।

এ ঘটনায় সংবিধানের অনুচ্ছেদ, ২৭, ৩১ ও ৩২ ও মেডিকেল ব্যবস্থা এবং বেসরকারী ক্লিনিকসমূহ ও ল্যাবরেটরী অধ্যাদেশ ১৯৮২ এর ধারা ৮, ১১ এবং বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন ১৯৮০ এর ধারা ৫(ক) এর লংঘন বলে মামলার আবেদনে উল্লেখ করা হয়।

উল্লেখ্য, সৈয়দ সাইফুদ্দিন কামাল, ব্যবস্থাপনা পরিচালক, তরু, এর কাছে থেকে জানা যায় যে, ২১ শে জানুয়ারী ২০১৬ তারিখে জনৈক আরাফাত নামে একজন বাসের হেলপার বাসে উঠার সময় পা পিছলে নিচে পরে যায় এবং মারাত্মক ভাবে আহত হয়। পরে তাকে নিয়ে নিকটবর্তী হাসপাতালে নেয়া হলে সেই হাসপাতাল চিকিৎসা করতে অস্বীকৃতি জানায়। সেই আহত ব্যক্তিকে নিয়ে অন্য আরো ২ টি হাসপাতালে নেয়া হলে সেগুলো থেকে প্রত্যাহাত হয়ে গুলশান থানা থেকে একজন সাব-ইন্সপেক্টর এর সহায়তায় তাকে কুর্মিটোলা জেনারেল হাসপাতালে নেয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করছেন আইনজীবী সারা হোসেন এবং ব্যারিস্টার অনিতা গাজী রহমান, ব্যারিস্টার রাসনা ইমাম, এডভোকেট এস এম রেজাউল করিম এবং এডভোকেট শারমিন আক্তার। রাষ্ট্র পক্ষে ছিলেন এডভোকেট মোতাহার হোসেন সাজু, ডিএজি।

বার্তা প্রেরক: মাহবুবা আক্তার, উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট, মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

প্রয়োজনে যোগাযোগ করুন:

সারা হোসেন [ফোন : ০১৭১৩০৩১৮২৮ ইমেইল : sara@blast.org.bd]

শারমিন আক্তার [ফোন : ০১৯৫৫২৮৪০৯৪ ইমেইল : sharmin1@blast.org.bd]

ব্যারিস্টার অনিতা গাজী রহমান[ফোন: ০১৭১৩০৩৬৯১৭ ইমেইল: anita@legalcirclebd.com]

ব্যারিস্টার রাসনা ইমাম [ফোন : ০১৭১৪১৩৬০৭১ ইমেইল: rashna.imam@akhtarimam.com]